# **Terbin®** Topical Spray

Terbinafine Hydrochloride BP

### Description
Terbinafine hydrochloride is a synthetic broad spectrum antifungal compound. It is very effective for the treatment of tinea infection.

### Mode of action
Terbinafine Hydrochloride (**Terbin®**) works by inhibition of squalene epoxidase enzymes of fungus which is essential for the formation of ergosterol.

### Pharmacokinetics
Less than 5% of the dose is absorbed after topical application to humans and systemic exposure is thus very slight.

### Composition
**Terbin® 1% Topical Spray**: Each gram contains Terbinafine Hydrochloride BP 10 mg.

### Indications
**Terbin® spray** is indicated in the treatment of tinea infections of the skin. **Terbin®** spray is also indicated in the treatment of pityriasis (tinea) versicolor due to *Malassezia furfur*.

### Dosage & administration
**Terbin® spray** is applied once or twice daily, depending on the indication. The affected areas should be cleansed and dried thoroughly before application of **Terbin®**. A sufficient amount of solution should be applied to wet the treatment area(s) thoroughly.
- Tinea pedis: once a day,1 week
- Tinea corporis/cruris: once a day,1 week
- Pityriasis versicolor: twice a day, 1 week

Relief of clinical symptoms usually occurs within a few days. If there are no signs of improvement after two weeks the diagnosis should be verified.

### Contraindications
**Terbin®** is contraindicated in patients with a known hypersensitivity to terbinafine or to any of the excipients of **Terbin®** or component of the container.

### Side effects
Common side effects are flaking or peeling of the skin, itching (pruritus), redness of the skin (erythema), burning sensation, pain, application site pain, application site irritation etc.

### Use in pregnancy & lactation
Animal fetal toxicity studies did not reveal any teratogenic or embryofetotoxic potential of terbinafine. Nursing mothers should not apply terbinafine topical formulations to the breast.

### Precautions
**Terbin® spray** should be used with caution in patients with lesions where alcohol could be irritating. Spray should not be used on the face. In case of accidental contact with the eyes, rinse eyes thoroughly with running water.

### Drug interactions
No drug interactions are known to date.

### Over dosage
The low systemic absorption of topical terbinafine renders overdosage extremely unlikely.

### Storage
Keep out of reach of children. Store in a dry place, below 25° C temperature and protected from light.

### Packaging
**Terbin® 1% Topical Spray**: Each HDPE bottle contains 30 ml solution of Terbinafine Hydrochloride BP 1%.

# **টারবিন®** টপিক্যাল স্প্রে

টারবিনাফিন হাইড্রোক্লোরাইড বিপি

### বিবরণ
টারবিনাফিন হাইড্রোক্লোরাইড কৃত্রিম ভাবে তৈরি ছত্রাক নাশক যা বিস্তৃত বর্ণালীর ছত্রাকের বিরুদ্ধে কার্যকরী। এটি টিনিয়া সংক্রমণে অত্যন্ত কার্যকরী।

### কার্যপদ্ধতি
টারবিনাফিন হাইড্রোক্লোরাইড (**টারবিন®**) আরগোস্টেরল প্রস্তুতের জন্য প্রয়োজনীয় স্কোয়েলেন ইপোক্সিডেজ নামক এনজাইমকে বাধাগ্রস্ত করার মাধ্যমে কাজ করে থাকে।

### ফার্মাকোকাইনেটিক্স
ত্বকের উপরিভাগে প্রয়োগের পর মাত্র ৫ শতাংশ ওষুধ শোষিত হয় এবং এই কারণে সিস্টেমের সাথে এক্সপোজারের সম্ভাবনাও খুব কম।

### উপাদান
**টারবিন® ১% টপিক্যাল স্প্রে:** প্রতি গ্রাম-এ আছে টারবিনাফিন হাইড্রোক্লোরাইড বিপি ১০ মিগ্রা।

### নির্দেশনা
**টারবিন®** স্প্রে ত্বকের টিনিয়া সংক্রমণে নির্দেশিত। এছাড়াও **টারবিন®** স্প্রে ম্যালাসেজিয়া ফারফার নামক ছত্রাক দ্বারা সৃষ্ট পিটাইরিয়াসিস ভারসিকালার চিকিৎসায় নির্দেশিত।

### মাত্রা ও প্রয়োগ
**টারবিন®** স্প্রে নির্দেশনার উপর ভিত্তি করে দিনে এক বা দুইবার ব্যবহার করতে হবে। প্রথমে আক্রান্তস্থান পরিষ্কার করে খুব ভালোভাবে শুকিয়ে নিতে হবে। তারপর পর্যাপ্ত পরিমাণ **টারবিন®** স্প্রে আক্রান্ত স্থানের উপর প্রয়োগ করতে হবে।
- টিনিয়া পেডিস: দিনে ১ বার করে টানা ১ সপ্তাহ পর্যন্ত ব্যবহার করতে হবে
- টিনিয়া ক্রুরিস এবং করপোরিস: দিনে ১ বার করে টানা ১ সপ্তাহ পর্যন্ত ব্যবহার করতে হবে
- পিটাইরিয়াসিস ভারসিকালার: দিনে ২ বার করে টানা ১ সপ্তাহ পর্যন্ত ব্যবহার করতে হবে

**টারবিন®** স্প্রে ব্যবহারে কয়েকদিনের মধ্যেই উপসর্গগুলো কমতে শুরু করবে। যদি না কমে তাহলে নতুন করে আবার ডায়াগনোসিস করতে হবে।

### বিরুদ্ধ ব্যবহার
এই ওষুধের যেকোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা আছে যেসব রোগীদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

### পার্শ্বপ্রতিক্রিয়া
সচরাচর যে পার্শ্বপ্রতিক্রিয়া গুলো পরিলক্ষিত হয় সেগুলো হল, চামড়া উঠে আসা, চুলকানি, লালচে হয়ে যাওয়া, জ্বালাপোড়া ভাব, ব্যথা, প্রয়োগের স্থানে ব্যথা ইত্যাদি।

### গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার
প্রাণীদের উপর প্রয়োগের পর কোন মারাত্মক ধরনের প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। স্তন্যদানকারী মায়েদের স্তনে ব্যবহার করা যাবে না।

### সতর্কতা
আক্রান্ত স্থানে সতর্কতার সাথে ব্যবহার করতে হবে কারণ অ্যালকোহল জ্বালাপোড়া সৃষ্টি করতে পারে। **টারবিন®** স্প্রে মুখের ত্বকে ব্যবহার করা যাবে না। ভুলক্রমে চোখের সংস্পর্শে আসলে পর্যাপ্ত পরিমাণ পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।

### অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া
এখন পর্যন্ত অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়ার কোন তথ্য পাওয়া যায়নি।

### মাত্রাধিক্য
খুব কম পরিমাণে সিস্টেমে প্রবেশ করার কারণে মাত্রাধিক্যের সম্ভাবনা খুব কম।

### সংরক্ষণ
শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫° সে. তাপমাত্রার নিচে ও শুষ্কস্থানে রাখুন।

### উপস্থাপনা
টারবিন® ১% টপিক্যাল স্প্রে: প্রতিটি বোতলে রয়েছে ৩০ মিলি টারবিনাফিন হাইড্রোক্লোরাইড বিপি ১% সল্যুশন।

0791-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.